গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

প্রশাসন শাখা

বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯

নম্বর ৩৭.২৪.০০০০.০০১.১১.০০২.১৮.১১২

তারিখ ২৩ ভাদ্র ১৪২৭
০৭ সেপ্টেম্বর ২০২০

নিয়োগ বিজ্ঞপ্তি

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টে নিম্নোক্ত শূন্য পদসমূহে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রম নং | পদের নাম ও গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১. | ব্যক্তিগত সহকারী (গ্রেড-১৩) বেতন স্কেল (১১০০০-২৬৫৯০) | ১৮-৩০ বছর | ০১ (এক)টি | ক) স্বীকৃত বোর্ড হতে স্নাতক ডিগ্রী/সমমান পাস; খ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং/ডাটা এন্ট্রি ও টাইপিং জানতে হবে এবং গ) বাংলা ও ইংরেজি কম্পোজের গতি প্রতি মিনিটে ২৫ ও ৩০ শব্দ। | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
| ২. | হিসাবরক্ষক (গ্রেড-১৩) বেতন স্কেল (১১০০০-২৬৫৯০) | ১৮-৩০ বছর | ০১ (এক)টি | ক) স্বীকৃত বোর্ড হতে বানিজ্য বিভাগে ২য় শ্রেণির স্নাতক ডিগ্রী এবং খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। | |

**শর্তাবলী:**

১। সকল প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত (Prescribed) চাকুরীর আবেদন ফরমে আবেদন করতে হবে। আবেদনকারীগণকে **আগামী ০৮/১০/২০২০ খ্রি: তারিখ বিকেল ৫.০০ টার মধ্যে** (শুধুমাত্র ডাকযোগে) ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাড়ি নং-৪৪ (২য় তলা), সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯ বরাবর আবেদন পাঠাতে হবে।

২। আবেদনপত্রের সাথে প্রথম শ্রেনির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (নামসহ সীল) নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে:

ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি;

খ) বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমান পরীক্ষার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত অনুলিপি এবং

গ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান/সন্তানের সন্তানদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত তাদের পিতা/মাতার/পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট, যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত এর সত্যায়িত অনুলিপি।

৩। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষা গ্রহণের সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে:

ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত অনুলিপি;

খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি এবং

গ) প্রার্থী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)।

৪। প্রার্থীর বয়স ০৮/১০/২০২০ খ্রি: তারিখে ১৮ থেকে ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের সন্তানের এবং প্রতিবন্ধী প্রার্থীদের বয়স সর্বোচ্চ ৩২ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের সন্তানের সন্তানদের ক্ষেত্রে বয়স ৩০ বছর হতে হবে।

৫। নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত সকল পদের ক্ষেত্রে পরীক্ষার ফি বাবদ (অফেরতযোগ্য) ১০০/- (একশত) টাকা, ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর অনুকূলে জমার সপক্ষে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে।

৬। খামের উপরে পদের নাম, নিজ জেলা এবং কোন কোটার প্রার্থী তা উল্লেখ করতে হবে।

৭। আবেদনপত্রের সাথে আবেদনকারীর ঠিকানা লিখিত ৫ (পাঁচ) টাকার ডাকটিকেট সংযুক্ত একটি ফেরত খাম (১০” × ৪.৫” সাইজের) পাঠাতে হবে।

৮। চাকুরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৯। লিখিত, ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ, ডিএ দেওয়া হবে না।

১০। শিক্ষা মন্ত্রণালয় ও প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর ওয়েবসাইট যথাক্রমে www.moedu.gov.bd এবং www.pmeat.gov.bd তে বিজ্ঞপ্তিটি আবেদনের নির্ধারিত (Prescribed) ফরমসহ পাওয়া যাবে। উক্ত ওয়েবসাইটসমূহে প্রবেশপত্রের একটি নমুনা সংযুক্ত করা হয়েছে। প্রার্থীদেরকে আবেদনপত্রের সাথে প্রবেশপত্রের দুই কপি পূরণকপূর্বক দাখিল করতে হবে।

১১। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

৭-৯-২০২০

নাসরীন আফরোজ
ব্যবস্থাপনা পরিচালক
ফোন: ০২-৮১৯২২০০
ইমেইল: md@pmeat.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

৩) প্রোগ্রামার , আইসিটি শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ট্রাস্টের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

সদ্য তোলা ০১ কপি রঙ্গিন ছবি আঠা দিয়ে লাগাতে হবে

# চাকরির আবেদন ফরম

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর: | | | | তারিখ: | | |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | | | | | |
| | | ইংরেজীতে (Capital Letter): | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর: | | | | | | যে কোন একটি |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | | | |
| ৫. | জন্ম তারিখ: | | | ৬. জন্মস্থান (জেলা): | | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | | বছর | | মাস | | দিন |
| ৮. | মাতার নাম: | | | | | | |
| ৯. | পিতার নাম: | | | | | | |
| ১০. | ঠিকানা: | বর্তমান | | স্থায়ী | | | |
| | বাসা ও সড়ক (নাম ও নম্বর): | | | | | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | | | | | |
| | ইউনিয়ন/ ওয়ার্ড: | | | | | | |
| | ডাকঘর: | | | | | | |
| | পোস্ট কোড নম্বর: | | | | | | |
| | উপজেলা: | | | | | | |
| | জেলা: | | | | | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | | ই-মেইল (যদি থাকে): | | | |
| ১২. | জাতীয়তা: | | | ১৩. | জেন্ডার: | | |
| ১৪. | ধর্ম: | | | ১৫. | পেশা: | | |
| ১৬. | শিক্ষাগত যোগ্যতা: | | | | | | |
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | | | | |
| ১৮ | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | | | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | | এতিম/শারীরিক প্রতিবন্ধী | | |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | | অন্যান্য (উল্লেখ করুন) | |
| ২০. | ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং | | | তারিখ: | | | |
| | ব্যাংক ও শাখার নাম: | | | | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | হ্যাঁ | | না | | প্রযোজ্য নয় | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| তারিখ: | | | | | | | | |

প্রার্থীর স্বাক্ষর

# <u>প্রবেশপত্র</u>

সদ্য তোলা ০১ কপি রঙ্গিন ছবি আঠা দিয়ে লাগাতে হবে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বাড়ি নং-৪৪ (২য় তলা), সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

**(অফিস কর্তৃক পূরণীয়)**

রোল নং: .............................................

পরীক্ষা কেন্দ্রের নাম: ....................................

পরীক্ষার তারিখ: ....................................

পরীক্ষার সময়: ....................................

**(প্রার্থী কর্তৃক পূরণীয়)**

পদের নাম: ..................................................................

নাম: ............................................................................

পিতা/স্বামীর নাম: .........................................................

বর্তমান ঠিকানা: .........................................................

.........................................................

.........................................................

**নির্দেশাবলী:**

১। পরীক্ষা কেন্দ্রে প্রবেশের সময় প্রবেশপত্রটি প্রদর্শন করতে হবে।

২। মোবাইল ফোন, ক্যালকুলেটর ও কোন ইলেকট্রনিক্স জিনিসপত্র নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করা যাবে না।

৩। পরীক্ষা শুরুর ১৫ মিনিট পূর্বে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে।

৪। প্রয়োজনীয় কলম, পেন্সিল ইত্যাদি পরীক্ষার্থীর সাথে আনতে হবে।

৫। প্রবেশপত্র ছাড়া কোন কাগজপত্র পরীক্ষার্থীর নিকট পাওয়া গেলে তাকে পরীক্ষায় অংশগ্রহণ হতে বিরত রাখা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের এটি পরবর্তী ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে বিবেচিত হবে; নতুন করে আর কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।

উপ-পরিচালক
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

বি: দ্র: এই প্রবেশপত্রের **দুই কপি** আবশ্যিকভাবে আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে।